

2023

BENGALI

Paper : BEN-HC-2016

(বাংলা ভাষা পরিচয়)

(Honours Core)

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : ১×১০=১০

(ক) প্রাচীন বাংলা থেকে কর্তৃকারকের শূন্য বিভক্তির একটি উদাহরণ দাও।

(খ) শব্দেন > সাদেঁ—এটি শব্দের ধ্বনিতাত্ত্বিক না রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য, লেখো।

(গ) আদি-মধ্যবাংলার প্রধান ছন্দ কী ছিল?

(ঘ) আদি-মধ্যবাংলার মহাপ্রাণ নাসিক্যের মহাপ্রাণতা লোপ অথবা ক্ষীণতার একটি উদাহরণ দাও।

(ঙ) “সঘোষ ধ্বনির উদাহরণ হচ্ছে বাংলা বর্গীয় ধ্বনির তৃতীয়, চতুর্থ ও পঞ্চম ধ্বনি।” উক্তিটি শুদ্ধ না অশুদ্ধ?

- (চ) বাংলা ধ্বনির ক্ষেত্রে নিম্নস্থ উচ্চারণের মধ্যে সবচেয়ে সক্রিয় অংশ জিহ্বাকে ক'টি ভাগে ভাগ করা হয়েছে?
- (ছ) বাংলায় প্রাথমিক মৌলিক স্বরধ্বনি ক'টি?
- (জ) 'সন্দেশ' শব্দটির মূল অর্থ 'খবর' থেকে 'মিষ্টান্ন' হয়েছে। এটি অর্থ পরিবর্তনের কোন ধারার অন্তর্ভুক্ত?
- (ঝ) ইংরেজি থেকে অনূদিত (Translation loan) বাংলায় ব্যবহৃত একটি শব্দ বা শব্দসমষ্টির উদাহরণ দাও।
- (ঞ) 'আনারস' শব্দটি কোন ভাষা থেকে বাংলায় এসেছে?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

২×৫=১০

- (ক) প্রাচীন বাংলার একটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।
- (খ) "গজব করিলে তুমি আজব কথায় ॥"
ভারতচন্দ্রের কাব্যের এই উদ্ধৃতিটির 'গজব' ও 'আজব' শব্দ দুটি কোন ভাষাগোষ্ঠী থেকে এসেছে?
- (গ) স্বরধ্বনি কাকে বলে?
- (ঘ) ঘোষ বা নাদ কী?
- (ঙ) 'মীরজাফর' শব্দটি বাংলা ভাষার অর্থ পরিবর্তনের কোন ধারার অন্তর্ভুক্ত, যুক্তিসহ লেখো।

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো চারটি) : ৫×৪=২০

- (ক) অন্ত্যমধ্য বাংলার পাঁচটি ধ্বনিগত বৈশিষ্ট্য লেখো।
- (খ) আদি-মধ্যবাংলার ছন্দারীতিগত বৈশিষ্ট্যের উল্লেখ করো।
- (গ) ক্ষতিপূরক দীঘীভবন উদাহরণসহ বুঝিয়ে লেখো।
- (ঘ) নাসিক্যীভবন ও স্বতোনাসিক্যীভবনের পার্থক্য নির্ণয় করো।
- (ঙ) উপযুক্ত উদাহরণসহ দেশী শব্দের সংজ্ঞা নির্দেশ করো।
- (চ) শব্দার্থ পরিবর্তনের কারণগুলি বর্ণনা করো।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো চারটি) :

১০×৪=৪০

- (ক) প্রাচীন বাংলা ভাষার রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।
- (খ) আধুনিক বাংলা ভাষার বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ তুলে ধরো।
- (গ) উচ্চারণ-প্রকৃতি অনুযায়ী ব্যঞ্জনধ্বনির শ্রেণিবিভাগ করে যে কোনো দুটি শ্রেণির পরিচয় দাও।
- (ঘ) প্রাথমিক মৌলিক স্বরধ্বনি ও গৌণ মৌলিক স্বরধ্বনি বলতে কী বোঝায়? এ সম্পর্কে যথাযথ আলোচনা করো।

- (ঙ) অর্থ পরিবর্তনের তিনটি ধারার পরিচয় দাও।
- (চ) তৎসম শব্দ কী? তৎসম শব্দের শ্রেণী সম্পর্কে যা জান লেখো।
- (ছ) ধ্বনি পরিবর্তনের ক্ষেত্রে ব্যঞ্জনধ্বনির আগম কীভাবে হয় সে সম্পর্কে বুঝিয়ে লেখো।
- (জ) বঙ্গালী উপভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লেখো।

★ ★ ★